# Bangladesh Institute of Management (BIM)

4, Sobhanbag, Mirpur Road, Dhaka-1207
Tel: +8802-58155034, +8802-58155077,
+8802-58155116, +8802-9103171-3
www.bim.gov.bd


P-2
Ittefaq, 20 Oct. 2021

# Request for Expression of Interest (Firm) for Selection of a Consulting Firm for Making a Documentary Film

EOI Ref No: 36.07.0000.022.04.084.2019-526 (1) Date: 14 October, 2021

**The "Bangladesh Institute of Management (BIM)"** has been allocated public funds from the Government of the Peoples Republic of Bangladesh (GoB) to make payment for the provision of Consultancy Services for Making a Documentary Film by a Consulting Firm (National).

**The Services include:** The firm will arrange, organize and facilitate to develop the concept, scripting, shooting, editing, background music and voice over making (English & Bangla Subtitle) for the documentary films. Other detailed description is mentioned in the Terms of Reference (ToR).

Interested Consultants are invited to provide information indicating that they are qualified to perform the Services (brochures, description of similar assignments, experience in similar operating conditions, availability of appropriate professional qualification and experience among staff, etc.).

A Consultant (Firm) will be selected using Least Cost Based Selection (LCBS) method of Public Procurement Rules, 2008 of GoB.

Interested Applicants may obtain further information (Terms of Reference) by applying to the address below during normal office hours.

Expressions of Interest (EOI) shall be submitted by 5.00 PM on 08 November, 2021, in sealed envelope delivered to The Director General, Bangladesh Institute of Management (BIM), 4, Sobhanbag, Mirpur Road, Dhaka-1207, and be clearly marked **"Request for Expressions of Interest for Selection of a Consulting Firm for Making a Documentary Film".**

Tahmina Akhter
Director General

স-২৪২০ (৬×৪)

P-15
Ittefaq
03 Nov. 2021

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

(শরণার্থী বিষয়ক সেল)

বাংলাদেশ সচিবালয় ঢাকা।

www.modmr.gov.bd

নম্বর: ৫১.০০.০০০০.১১২.২৬.০২৬.২০.৫৮৩ — তারিখ : ০২ নভেম্বর ২০২১

## মাইক্রোবাস ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের শরণার্থী বিষয়ক সেলের কর্মকর্তা ও কর্মচারীদের যাতায়াত ও সেলের জরুরি কাজে ব্যবহারের জন্য ০১ (এক)টি উন্নত মানের মাইক্রোবাস ভাড়া করা হবে। এ ব্যাপারে মাইক্রোবাস ভাড়াদাতা প্রকৃত মালিক/প্রতিষ্ঠানের নিকট থেকে নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের সাথে ভ্যাট নিবন্ধন পত্র, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ, ই-টিন সনদ ও হালনাগাদ ট্রেড লাইসেন্সসহ অন্যান্য কাগজপত্র বা দলিলাদির সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দরপত্রে উল্লিখিত মূল্যের উপর বিধি মোতাবেক ভ্যাট, আয়কর ও অন্যান্য করাদি (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তনযোগ্য হবে।

**শর্তাবলিঃ**

(১) প্রস্তাবিত মাসিক ভাড়া উল্লেখ করতে হবে (চালক নিয়োগ, রক্ষণাবেক্ষণ খরচ, খাবার ও তার বেতন ভাতা, আয়কর ও ভ্যাট ইত্যাদি সকল প্রকার খরচসহ)।

(২) গাড়ীর তেলের খরচ অফিস হতে সরবরাহ করা হবে।

(৩) দরপত্র সিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) জমাপূর্বক শরণার্থী বিষয়ক সেলের রুম নং: ২২৮, বিল্ডিং নং ০৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা হতে দরপত্র সিডিউল ০৭/১১/২০২১ হতে ২২/১১/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন বিক্রয় করা হবে।

(৪) দরপত্র আগামী ২৩/১১/২০২১ খ্রিঃ তারিখ ২.০০ ঘটিকার মধ্যে উপসচিব, শরণার্থী বিষয়ক সেল এর কক্ষে রক্ষিত বাক্সে সীলমোহরকৃত খামে জমা দিতে হবে। ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।


(৫) কোনোরুপ কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০২/১১/২০২১

(মো: কোরবান আলী)
উপসচিব
ফোন: ৯৫১৫৫৫৪
ই-মেইল: rcmofdm@yahoo.com

স-২৫২৭ (৬×৩)

P-8, Ittefaq, 17 Nov. 2021



# সিলেটে কাঁদছে বোবা পাহাড়

পাহাড় কাটা, পাহাড় কেটে বাড়িঘর নির্মাণ 'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫'-এর ১৫ ধারার সুস্পষ্ট লঙ্ঘন এবং এজন্য শাস্তির বিধানও রয়েছে। পাহাড়ের বন উজাড় ও পাহাড় কাটার ফলে জীববৈচিত্র্য হুমকির সম্মুখীন, বন্যপ্রাণী হারাচ্ছে আবাসস্থল, প্রকৃতি হয়ে পড়ছে ভারসাম্যহীন।

পরিবেশের এক গুরুত্বপূর্ণ অনুষঙ্গ পাহাড়, যার বিনাশ আমাদেরকে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের দিকে ঠেলে দেয়। নদ-নদী, গাছপালার মতোই পাহাড় আমাদের জীবন এবং জীবিকার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি সিলেটের জাফলং, রাতারগুল জলাবন, হাকালুকি হাওর, লালাখাল, ভোলাগঞ্জ, বিছনাকান্দি, তামাবিল, পাহাড়, ঝরনা, চা বাগান পর্যটকদের কাছে খুবই জনপ্রিয়। বিগত কয়েক বছর ধরে সিলেট শহরের কালিবাড়ি-হাওয়ালদারপাড়া, বালুচর, তারাপুর, শাহি ঈদগাহ, করের পাড়া, টিলাগড়, এয়ারপোর্ট এলাকা, টুলটিকর, মেজরটিলা, শাহপরান ও বড়শালা এলাকাতে নির্বিচারে পাহাড় কেটে বাড়িঘর, শপিং সেন্টার নির্মাণের ফলে সিলেটের সেই সৌন্দর্য হারিয়ে যাচ্ছে। মারাত্মক পরিবেশ ঝুঁকিতে আছেন সিলেটবাসী।

সিলেটে পাহাড় কাটার মহোৎসব দেখে জেমসের সেই গানের পঙ্‌ক্তি মনে পড়ে—'পাহাড়ের কান্নাকে ঝরনা সবাই বলে,/সেই ঝরনাধারায় পাহাড়-কষ্টের নদী বয়ে চলে।' পাহাড় কাটা বন্ধে প্রচলিত আইন-কানুন, বিধি-বিধান এবং উচ্চ আদালতের নির্দেশনা থাকলেও সেগুলো বাস্তবায়িত হচ্ছে না। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহের তৎপরতা জোরদার করা প্রয়োজন। অনেকেই দুঃখ করে বলেন, সিলেটে কাঁদছে বোবা পাহাড়, কে থামাবে পাহাড়ের কান্না?

**শাহ মনসুর আলী নোমান**, তেলিহাওর, শেখঘাট, সিলেট

# বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট

৪, সোবহানবাগ মিরপুর রোড, ঢাকা-১২০৭
☎ ৫৮১৫৫০৩৪, ৫৮১৫৫০৭৭, ৫৮১৫৫১১৬, ৯১০৩১৭১-৩ (পিএবিএক্স)
৫৮১৫২৪৭৬ (ফ্যাক্স)

P-5
23 NOV. 2021

## প্রশিক্ষণ কর্মসূচি, ডিসেম্বর ২০২১

| তারিখ ও সময় | স্থান ও ফি | কোর্স সমন্বয়কারী |
|---|---|---|
| 1. Project Monitoring and Evaluation | | |
| ডিসেম্বর ০৫-০৯<br>১৭:৩০-২১:৩০ | বিআইএম ঢাকা<br>৭,০০০/- | আকলিমা জামান<br>সেল: ০১৮১৬-৫৯১৮৮৪<br>ই-মেইল : aklima.zaman@bim.gov.bd<br>zamanaklima@gmail.com |
| 2. PPR 2008 and Annual Procurement Planning | | |
| ডিসেম্বর ১৯-২৩<br>১০:০০-১৬:০০ | বিআইএম ঢাকা<br>৭,০০০/- | প্রকৌশলী মোঃ মেহবুব হাসান কল্লোল<br>সেল :০১৭৫৪-৪৬০১০০<br>ই-মেইল : kallol@bim.gov.bd<br>mmhkallol@gmail.com |
| 3. Certificate Course on Human Resource Management (CHRM) | | |
| ডিসেম্বর ১৯-২৩<br>১৭:৩০-২১:৩০ | বিআইএম চট্টগ্রাম<br>৭,০০০/- | শেখ সজিবুর রহমান<br>সেল : ০১৯১১-১৮৭৭৮০<br>ই-মেইল : shaikh.sajibur@bim.gov.bd<br>sksajibbim@gmail.com |
| 4. Supply Chain Management | | |
| ডিসেম্বর ১৯-৩০<br>১৭:৩০-২১:৩০ | বিআইএম ঢাকা<br>৯,০০০/- | মোহাম্মদ সাঈদুর রহমান<br>সেল :০১৮১৯-২৩১২১৯, ০১৭২৭-৬৫৪৪২৮<br>ই-মেইল : sayeedur.rahman@bim.gov.bd<br>sayeed19@gmail.com |
| 5. Business Data Analysis & Financial Forecasting (Online Course) | | |
| ডিসেম্বর ২২-২৫<br>১৭:৩০-২১:৩০ | জুম প্লাটফরম<br>৩,৫০০/- | মোঃ রাজিবুল হক<br>সেল : ০১৯১৪-৪৮৪৪০৬<br>ই-মেইল : rajibul.hoque@bim.gov.bd<br>rajibulatbim@gmail.com |
| 6. KPI Master Class | | |
| ডিসেম্বর ২৪-২৫<br>০৯:০০-১৭:০০ | বিআইএম ঢাকা<br>৫,০০০/- | মামুন মুজতাবা<br>সেল :০১৭১৬-৬৫৩৬২৬<br>ই-মেইল : mamun.muztaba@bim.gov.bd<br>mamunmuztaba.bim@gmail.com |
| 7. সরকারি চাকরির অত্যাবশ্যকীয় নিয়মাবলী | | |
| ডিসেম্বর ২৬-২৭<br>০৯:০০-১৭:০০ | বিআইএম ঢাকা<br>৬,০০০/- | এম. আমিনুর<br>সেল :০১৭১৬-৫৫১৬৬১<br>ই-মেইল : aminoor@bim.gov.bd<br>amenoor.bim@gmail.com |

উপর্যুক্ত প্রশিক্ষণ কোর্সসমূহ সরকারি, বেসরকারি ও এনজিও প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপকদের জন্য উপযোগি। যে কোন স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী ব্যক্তি উল্লেখিত কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবেন। কোর্সসমূহে অংশগ্রহণের জন্য কোর্স ফি মহাপরিচালক, বিআইএম - এর অনুকূলে যে কোন তফশিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রদান করতে হবে। বিস্তারিত ওয়েব সাইট দেখুন: www.bim.gov.bd

স-২৬৯১ (৭.৫×৩)

তাহমিনা আখতার
মহাপরিচালক

বিআইএম

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ
কমান্ড্যান্ট (এসপি) এর কার্যালয়
আরআরএফ, খুলনা।

মুজিব শতবর্ষ MUJIB 100

মুজিববর্ষের অঙ্গিকার
পুলিশ হবে জনতার

P-4
Ittefat, 25 Nov. 2021

## " দরপত্র বিজ্ঞপ্তি (OTM) নং-০২/২০২১-২০২২ (পুঃ অঃ)"

স্মারক নং-২৪৮৮/ই তারিখ-২৪/১১/২০২১ খ্রিঃ।

পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.০৪৩.১২০-২০২১/মেরামত/খুলনা রেঞ্জ/৪৩১(৪)তাং-১৭/১১/২০২১ খ্রিঃ মোতাবেক আরআরএফ, খুলনা পুলিশ ইউনিটের চলতি ২০২১-২২ অর্থ সালে নিম্নলিখিত মেরামত/সংস্কার কাজের জন্য The Public Procurement Act-2006 & The Public Procurement Rules-2008 এবং তৎসংশ্লিষ্ট সকল সংশোধনী মোতাবেক অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/বিভাগ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/পুলিশ বিভাগ |
| ০২. | সংস্থা | বাংলাদেশ পুলিশ। |
| ০৩. | দরপত্র সম্পাদনকারী প্রধান | কমান্ড্যান্ট (এসপি),আরআরএফ, খুলনা। |
| ০৪. | দরপত্র সম্পাদনকারীর জেলা/সংস্থা | আরআরএফ, খুলনা। |
| ০৫. | দরপত্রের সূত্র ও তারিখ | ২৪৮৮/ই তারিখ-২৪/১১/২০২১ খ্রিঃ। |
| ০৬. | দরপত্রের পদ্ধতি | ওটিএম (উন্মুক্ত দরপত্র পদ্ধতি)। |
| ০৭. | বাজেট এন্ড সোর্স অব ফান্ড | জিওবি মেরামত ও সংরক্ষণ। |
| ০৮. | দরপত্র প্রকাশের তারিখ | ২৫/১১/২০২১ খ্রিঃ। |
| ০৯. | দরপত্র সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ | ২১/১২/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ছুটির দিন ব্যতিত। শুধু বিক্রয়ের শেষ দিন সিডিউল ক্রয়ের আবেদন বেলা ১৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে। নির্দিষ্ট সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয় এবং এ বিষয়ে কোন আপত্তি বা অনুরোধ গ্রহণযোগ্য হবে না। |
| ১০. | দরপত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ ও সময় | ২২/১২/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার পর্যন্ত। |
| ১১. | দরপত্র খোলার তারিখ ও সময় | ২২/১২/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০৫ ঘটিকার সময়। |
| ১২. | দরপত্র মূল্যায়নের তারিখ ও সময় | ২৬/১২/২০২১ খ্রিঃ তারিখ ১১.০০ ঘটিকার সময়। |
| ১৩. | দরপত্র সম্পাদনকারী অফিস ও ঠিকানা | কমান্ড্যান্ট (এসপি) এর কার্যালয় আরআরএফ, মীরেরডাংগা, খুলনা। |
| ১৪. | দরপত্র প্রাপ্তির স্থান | ১। রেঞ্জ ডিআইজি অফিস, খুলনা।<br>২। কমান্ড্যান্ট (ডিআইজি), পিটিসি, খুলনা।<br>৩। কমান্ড্যান্ট (এসপি) এর কার্যালয়, আরআরএফ, খুলনা। |
| ১৫. | দরপত্র খোলার স্থান | কমান্ড্যান্ট (এসপি) এর কার্যালয় আরআরএফ, মীরেরডাংগা, খুলনা। |
| ১৬ | দরপত্র দাতার যোগ্যতা ও দরপত্রের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে। | (ক) নাগরিকত্ব সনদপত্র (খ) বৈধ ট্রেড লাইসেন্স হালনাগাদ (গ) যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ১৫/১২/২০২১ খ্রিঃ তারিখে আর্থিক স্বচ্ছলতা সনদপত্রসহ ব্যাংক এস্টেটমেন্টে প্রতিটি আইটেমের ক্ষেত্রে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার লিকুইড মানি থাকতে হবে (ঘ) ই-টিআইএন নম্বর উল্লেখসহ হালনাগাদ আয়কর সনদপত্র (ঙ) ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র (চ) দরদাতা কালো তালিকাভুক্ত নয় মর্মে ঘোষণা/অঙ্গীকারনামা (ছ) সিডিউলের মূলকপি আরসিসহ সংযুক্ত করতে হবে (জ) অন্যান্য শর্তাবলী সিডিউলে বর্ণিত আছে। (ঝ) প্রতিটি কাজের জন্য পৃথক পৃথক দর পত্র দাখিল করতে হবে (ঞ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৭. | দরপত্র আহবান কর্তৃপক্ষের নাম | কমান্ড্যান্ট (এসপি), আরআরএফ, খুলনা। |
| ১৮. | দরপত্র আহ্বানকারীর কর্মকর্তার নাম ও পদবী | মোছাঃ তাসলিমা খাতুন , কমান্ড্যান্ট (এসপি),আরআরএফ, খুলনা।<br>টেলিফোন নং-০২৪৭৭৭৩৩২৫১, ফ্যাক্স-০২৪৭৭৭৩৩২০৪<br>E-mail: comrrfkhulna@police.gov.bd |
| ১৯. | কাজের বিবরণী/কাজের নামঃ | স্পেসিফিকেশন/সিডিউল মোতাবেক |

| গ্রুপ নং | প্রকল্পের নাম | সিডিউলের মূল্য | দরপত্র জামানতের পরিমাণ | কাজ সমাপ্তির সময় |
|---|---|---|---|---|
| (১) | আরআরএফ, খুলনা পুলিশ লাইনের আরআই অফিসের সংলগ্ন ফোর্সের বাথরুমের সেফটি ট্যাংকি মেরামত কাজ। | ৭৫০/- | ৭,৮০০/- | ৪৫ দিন |
| (২) | আরআরএফ, খুলনা পুলিশ ইউনিটের ক্যান্টিনের বর্ধিতাংশসহ অন্যান্য প্রয়োজনীয় মেরামত কাজ। | ৭৫০/- | ৮,৫০০/- | ৪৫ দিন |
| (৩) | আরআরএফ, খুলনার কমান্ড্যান্ট (এসপি) অফিসের বাউন্ডারী ওয়াল মেরামত কাজ। | ৭৫০/- | ৮,৫০০/- | ৪৫ দিন |

| | |
|---|---|
| ২০ | বিশেষ জ্ঞাতব্য ঃ<br>ক) ব্যক্তি বা প্রতিষ্ঠানের সত্ত্বাধিকারীর স্বাক্ষরযুক্ত প্যাডে আবেদন পূর্বক সিডিউল বিক্রয়ের শেষ দিনের পূর্বের দিন পর্যন্ত অফিস চলাকালীন(১৫:০০ ঘটিকা) পর্যন্ত দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।<br>খ) দরপত্র সংক্রান্তে অন্যান্য তথ্যাবলী দরপত্র সংগ্রহকালে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।<br>গ) দরপত্র খোলার তারিখ হতে ৬০ দিন পর্যন্ত দরপত্র বলবৎ থাকবে।<br>ঘ) অনুমোদিত বরাদ্দের আলোকে কার্যাদেশ প্রদান করা হবে। এতদ্সংক্রান্তে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।<br>ঙ) দরপত্রে উল্লেখিত সময়ের মধ্যে কার্য সম্পাদন করতে হবে।<br>চ) দরদাতার দরপত্র TEC কর্তৃক গৃহীত এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা কর্তৃক অনুমোদিত এবং অর্থ বরাদ্দ পাওয়া গেলে কার্যাদেশ প্রদান করা হবে এবং গৃহীত দরদাতাকে ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে কাজের Performance Security বাবদ ১০% টাকা কমান্ড্যান্ট (এসপি), বরাবর ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।<br>ছ) ক্রমিক নং-১৬ -এ চাহিত সকল কাগজপত্র হালনাগাদ বলবৎ/নবায়ন এবং গেজেটেড অফিসার দ্বারা সত্যায়িত করে দিতে হবে।<br>জ) কোন প্রতিষ্ঠান/ঠিকাদারের কাগজপত্র যদি সঠিক না থাকে বা মিথ্যা প্রমাণিত হয় তাহলে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।<br>ঝ) বিশেষভাবে উল্লেখ্য যে পুলিশ হেডকোয়ার্টার্স হতে অর্থ বরাদ্দ সাপেক্ষে গৃহীত দরদাতাকে কার্যাদেশ প্রদান এবং কার্য সম্পন্ন হওয়ার পর তদারকি কমিটির সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে বিল প্রদান করা হবে। বিল হতে নিয়মমাফিক ভাবে সরকার ঘোষিত আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।<br>ঞ) পুলিশ হেডকোয়ার্টার্স হতে টিইসি'র অনুমোদন প্রাপ্তির পর অকৃতকার্য ঠিকাদারদের দরপত্র জামানত বাবদ বিডি ফেরৎ প্রদান করা হবে।<br>ট) দরপত্র আহবানকারী কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতীত দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।<br>ঠ) অন্যান্য শর্তাবলী সিডিউলে বর্ণিত আছে। |

২৪/১১/২১

(মোছাঃ তাসলিমা খাতুন)
বিপি-৭৫০৩০৪৭৮৯৩
কমান্ড্যান্ট (এস পি),আরআরএফ, খুলনা
ফোন-০২৪৭৭৭৩৩২৫১, ফ্যাক্স-০২৪৭৭৭৩৩২০৪
e-mail: comrrfkhulna@police.gov.bd

স-২৭১৮ (১৪×৪)

# কান্না ছাড়াই রান্না

P-7, Ittefaq, 05 Dec. 2021

■ তানোর (রাজশাহী) সংবাদদাতা

পাতা কিংবা কাঠ দিয়ে মাটির চুলায় রান্না করলে ধোঁয়া হবেই। এ ধোঁয়ায় চোখ জ্বালাপোড়া করে, পানি ঝরে। দীর্ঘদিন বদ্ধ রান্নাঘরে ধোঁয়ার মধ্যে রান্না করলে চোখের মারাত্মক ক্ষতি হয়। অনেকে অকালে দৃষ্টিশক্তি হারান। সেই সঙ্গে শ্বাসতন্ত্রেও নানা জটিলতা দেখা দেয়। কিন্তু নিজেই পরিবেশবান্ধব চুলা বানিয়ে এলাকায় এই সংকট থেকে মুক্তি দিয়েছেন রাজশাহীর তানোর উপজেলার হরিদেবপুর গ্রামের কবুলজান (৪৫)। তিনি এই চুলা বানিয়ে দারিদ্র্য জয় করেছেন। গ্রামে গ্রামে গিয়েও চুলা বানিয়ে দেন। গত পাঁচ বছরেই তিনি বানিয়েছেন অর্ধশতাধিক বিশেষ চুলা। শুধু এক চুলাই নয়, দুই চুলা, তিন চুলা, ইঞ্জিন চুলা, এক তোলা চুলা, দুই তোলা চুলা এবং শিকের চুলা বানিয়ে বিক্রি করেন কবুলজান। তার আয়ে সংসারে সচ্ছলতা ফিরিয়েছেন দিনমজুর স্বামীর। তিনি শুধু চুলা তৈরিই করেন না অনেককে চুলা তৈরির প্রশিক্ষণ দিচ্ছেন। পরিশ্রম ও একাগ্রতার স্বীকৃতি হিসেবে ২০১৫ সালে পেয়েছেন (উপজেলা পর্যায়ে) শ্রেষ্ঠ জয়িতার পুরস্কার।

কথা হয় কবুলজানের সঙ্গে। তিনি বলেন, দিনমজুর বাবার সংসারে তারা ছিলেন পাঁচ ভাইবোন। দরিদ্রতার কারণে ১৫ বছর বয়সে বিয়ে দিয়ে দেন বাবা। স্বামী মোবারক আলী ছিলেন হতদরিদ্র। অন্যের খেতে দিনমজুরি করে সংসার চালাতেন। সেই আয়ে সংসার চালানো কষ্টসাধ্য ছিল। বিভিন্ন সময় বিভিন্ন কাজ করে কিছু টাকা জমিয়ে বাড়ির পাশে একটি মুদিদোকান দেই। দুটি দুধেল গাই কিনি। এতে ধীরে ধীরে সংসারে ফেরে সচ্ছলতা। তিনি বলেন, বছর পাঁচেক আগে এক নিকটাত্মীয়ের বাড়ি বেড়াতে গিয়ে সেখানেই প্রথম সিমেন্টের তৈরি আধুনিক চুলা দেখি। বাড়ি ফিরে কাদামাটিতে অবিকল সেই চুলা বানাতে সক্ষম হই। পরে বিক্রি শুরু করি। জ্বালানি সাশ্রয়ী ও ধোঁয়াবিহীন এ চুলা বিক্রি করছি ২০০-৩০০ টাকায়। অথচ সিমেন্টের এই চুলার দাম ১ হাজার ২০০ টাকা।

কবুলজানের তৈরি সস্তা এই চুলা এলাকায় ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে। হরিদেবপুর গ্রামের নারী মর্জিনা বেগম (৪১) বলেন, কবুলজানের তৈরি চুলাই তানোরে এখন 'কান্না ছাড়াই রান্না হয়' তাদের। বেসরকারি গবেষণা উন্নয়ন সংস্থা বারসিক কর্মসূচি কর্মকর্তা অমৃত কুমার সরকার বলেন, কবুলজানের চুলা ব্যবহারে শুধু জ্বালানি ব্যয় সাশ্রয় হবে না, পাশাপাশি ধোঁয়াবিহীন এই চুলা স্বাস্থ্যের জন্য পরিবেশবান্ধব। কবুলজান একজন সফল পরিবেশবান্ধব নারী উদ্যোক্তা। তিনি নিরলসভাবে চুলা তৈরির পাশাপাশি পুষ্টিবাগান ও কেঁচো সার তৈরি করে বিক্রি করছেন। পরিবেশবন্ধব এই সমস্ত কর্মকাণ্ডে কবুলজান তানোরের একজন সফল নারী তা বলা যায় নিঃসন্দেহে। উপজেলা নির্বাহী কর্মকর্তা পংকজ চন্দ্র দেবনাথ জানান, এটি একটি ভালো উদ্যোগ। কবুলজান যদি কোনো ধরনের সহযোগিতা চান তাহলে তাকে আমাদের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা করা হবে।



তানোর (রাজশাহী) : উপজেলার হরিদেবপুর গ্রামে পরিবেশবান্ধব চুলা তৈরি করছেন কবুলজান —ইত্তেফাক

P-16, Ittefaq, 12 Dec. 2021

সুপেয় পানি নিয়ে উত্তপ্ত সিলেট নগরী

# চাহিদা অনুযায়ী পানি নেই বিল বাড়ায় ক্ষুব্ধ মানুষ

■ হুমায়ূন রশিদ চৌধূরী, সিলেট অফিস

সিলেট নগরীতে সুপেয় পানি নিয়ে গত কয়েক দিন থেকে নাগরিকরা উত্তপ্ত হয়ে উঠেছে। একদিকে নগরবাসী চাহিদা অনুযায়ী পানি পাচ্ছেন না। অন্যদিকে সিটি করপোরেশনে পানির বিল বাড়িয়ে দেওয়ার সিদ্ধান্তে নগরবাসী ক্ষুব্ধ হয়ে উঠেছেন। এমনকি এই সিদ্ধান্তের বিরোধীতা করে নাগরিকদের সঙ্গে সিসিকের সাবেক ও বর্তমান কাউন্সিলরও রাস্তায় নেমেছেন। নগরীতে সভা-সমাবেশ অব্যাহত রয়েছে। পানির বিল বৃদ্ধির সিদ্ধান্তের বিরোধিতা করে নগরবাসী এখন আন্দোলনে। তবে মেয়র আরিফুল হক চৌধুরী বলেন, সিসিকের পরবর্তী সাধারণ সভায় এ বিষয়ে আলোচনা করা হবে। তিনি বলেন, সবকিছুরই দাম বেড়েছে। পানির উৎপাদন ব্যয়ও বেড়েছে।

বাড়ানোকে 'গণবিরোধী সিদ্ধান্ত' আখ্যায়িত করে তা প্রত্যাহারের দাবি জানিয়ে বলেছেন বরং বকেয়া বিল আদায়ে তৎপর হওয়া জরুরি। সূত্র মতে, গ্রাহকদের কাছে পানির বকেয়া বিল পড়ে আছে ১৩ কোটি টাকা। সুশাসনের জন্য নাগরিক, সিলেটের সভাপতি ফারুক মাহমুদ চৌধুরী বলেন, করোনা মহামারির সময়ে দাম বাড়ানোর সিদ্ধান্ত অমানবিক। তিনি বলেন, দাম না বাড়িয়ে গ্রাহকদের কাছে বকেয়া আদায় করা দরকার। সিলেট জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি এমাদ উল্লাহ শহীদুল ইসলাম, পানির দাম বাড়ানোর সিদ্ধান্তকে গণবিরোধী আখ্যায়িত করে বলেন, নামমাত্র মূল্যে নাগরিকদের পানি সরবরাহ করা উচিত। আর যদি দাম বাড়াতেই হয়, ৫-১০ শতাংশ বাড়ানো যেতে পারে। সূত্র মতে, পানির বিল বাড়ানোর সিদ্ধান্তের পর গত ২ সেপ্টেম্বর সিসিক

## চাহিদা অনুযায়ী পানি

১৬ পৃষ্ঠার পর P-2, Ittefaq

পর থেকে নগরবাসী এর প্রতিবাদে নামেন। তারা এর আগেও মেয়র আরিফুল হক চৌধুরীকে স্মারকলিপি প্রদান করেছেন।

সিসিক পানি শাখা সূত্র জানায়, প্রতি মাসে আধা ইঞ্চি ব্যাসের লাইনের ক্ষেত্রে আবাসিক গ্রাহকদের ২০০ টাকার পরিবর্তে ৫০০ টাকা এবং বাণিজ্যিক, প্রাতিষ্ঠানিক ও সরকারি গ্রাহকদের ক্ষেত্রে ৪০০ টাকার পরিবর্তে ৮০০ টাকা বিল নির্ধারণ করা হয়েছে। পৌনে এক ইঞ্চি ব্যাসের লাইনের ক্ষেত্রে আবাসিক গ্রাহকদের ৪০০ টাকার পরিবর্তে ৮০০ টাকা এবং বাণিজ্যিক, প্রাতিষ্ঠানিক ও সরকারি গ্রাহকদের ৭০০ টাকার পরিবর্তে ১ হাজার ২০০ টাকা নির্ধারণ করা হয়েছে। এক ইঞ্চি ব্যাসের লাইনের ক্ষেত্রে আবাসিক ও সরকারি গ্রাহকদের জন্য ১ হাজার টাকার পরিবর্তে দেড় হাজার টাকা দিতে হবে। অন্যদিকে বাণিজ্যিক গ্রাহকদের দেড় হাজার টাকার পরিবর্তে ২ হাজার ২০০ টাকা, প্রাতিষ্ঠানিক গ্রাহকদের ২ হাজার টাকার পরিবর্তে ৩ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে।

পানি শাখার নির্বাহী প্রকৌশলী আলী আকবর জানিয়েছেন, বর্ধিষ্ণু সিলেট নগরীতে সুপেয় পানির দৈনিক চাহিদা ৮ কোটি লিটার। তার পরও এই চাহিদা পূরণ হয় না।



ঠাকুরগাঁও : 'ব্ল্যাক সোলজার' মাছির খামার —ইত্তেফাক

P-6, Ittefaq, 05 Dec. 2021

# ঠাকুরগাঁওয়ে গড়ে উঠেছে 'ব্ল্যাক সোলজার' মাছির খামার

**বিকল্প পোলট্রি ফিড**

**ঠাকুরগাঁও জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. আবুল কালাম আজাদ বলেন, বিকল্প পোলট্রি ফিড হিসেবে মোমিনুল ইসলাম ব্ল্যাক সোলজার নামের মাছির খামার গড়ে তুলেছেন। এতে উনি লাভবানও হচ্ছেন**

■ ঠাকুরগাঁও প্রতিনিধি

দেখতে কালো রঙের। প্রথম দেখাতে অনেকেই ভেবে বসতে পারেন এটি একটি মৌমাছির খামার। কিন্তু এটি মৌমাছি নয়, কালো এক মাছির খামার। আর এই মাছির নাম 'ব্ল্যাক সোলজার ফ্লাই'। উদ্দেশ্য এই মাছি থেকে লার্ভা সংগ্রহ করা। এই লার্ভা পোলট্রি শিল্প ও মাছের খামারে খাবার হিসেবে ব্যবহার করা হয়। ঠাকুরগাঁওয়ের প্রত্যন্ত অঞ্চলে ব্ল্যাক সোলজার ফ্লাই নামের এই মাছির খামার গড়ে তুলেছেন মোমিনুল ইসলাম। এরই মধ্যে পোলট্রি খামার ও মাছের খামারে প্রয়োগ শুরু হয়েছে ব্ল্যাক সোলজার ফ্লাই থেকে সংগ্রহ করা লার্ভা। মোমিনুল ইসলামের বাড়ি ঠাকুরগাঁও সদর উপজেলার বালিয়া ইউনিয়নের বগুলাডাঙ্গী গ্রামে। পেশায় তিনি একজন ব্যবসায়ী। পাশাপাশি একজন সফল খামারিও।

'ব্ল্যাক সোলজার মাছির খামারি মোমিনুল ইসলাম বলেন, ২০১৪ সালে বাড়ির পাশেই একটি বয়লার মুরগির খামার গড়ে তুলি। কিন্তু মুরগির খাদ্য ফিড ও অন্যান্য যাবতীয় সামগ্রীর দাম বৃদ্ধির কারণে লোকসানে পড়ি। তার পরও থেমে থাকিনি। লোকসানের বোঝা মাথায় নিয়েই খামার চালিয়েছি। সবশেষ ২০২০ সালে মুরগির খাদ্য ও ওষুধের দাম অতিরিক্ত বৃদ্ধি হওয়ার কারণে তিনি আর খামার চালাতে পারেননি। বন্ধ করে দিতে হয়েছিল মুরগির খামার। এরপর তিনি জীবিকা নির্বাহের জন্য ঝুঁকে পড়েন অন্য ব্যবসায়। তিনি বলেন, ব্যবসার কাজের জন্য দেশের বিভিন্ন জায়গায় যেতে হতো। সেই সুবাদে চলতি বছরের আগস্ট মাসের দিকে গাইবান্ধায় খামারি জুলফিকার আল মামুন সুমনের সঙ্গে আমার দেখা হয়। সুমন গাইবন্ধায় কৃত্রিম উপায়ে 'ব্ল্যাক সোলজার ফ্লাই'-এর খামার গড়ে তুলেছেন। আর সে মাছি থেকে সংগ্রহ করা লার্ভা মুরগি ও মাছের খামারে ব্যবহার করতেন। এরপর সুমনের কাছ থেকে দুই কেজি 'ব্ল্যাক সোলজার মাছি সংগ্রহ করি। এই খামার করার উপায়ও জেনে নেই। তারপর বাড়ির পাশে মুরগির খামারে কৃত্রিম উপায়ে 'ব্ল্যাক সোলজার ফ্লাই'-এর খামার শুরু করি। এই সময় পরিবার ও স্থানীয়দের কাছ থেকে শুনতে হয়েছে নানা কটূক্তি। তিন মাসে লার্ভা, মাতৃপোকা ও জৈবসারের পরিমাণ দাঁড়িয়েছে ৩০০ কেজিতে। বর্তমানে আমার খামারে ব্ল্যাক সোলজার মাছি রয়েছে প্রায় ৮০ লাখ। মাছি উৎপাদনের পাশাপাশি পুনরায় শুরু করেছি বয়লার মুরগির খামার। পরীক্ষামূলকভাবে ২৫০ পিস বয়লার মুরগি তোলা হয়। ফিডের পরিবর্তে এই মুরগিদের খাওয়ানো হচ্ছে 'ব্ল্যাক সোলজার মাছির লার্ভা। এর পাশাপাশি মাছের খামারেও এই লার্ভা ব্যবহার করা হচ্ছে। ব্ল্যাক সোলজার ফ্লাইয়ে রয়েছে ৪০ শতাংশ প্রোটিন ও ২০ শতাংশ ফ্যাট। একটি স্ত্রী পোকা প্রতি মাসে ৫০০ থেকে ৬০০ ডিম দিতে পাড়ে। ১৫ দিনে একটি ব্ল্যাক সোলজার মাছি ডিম দেওয়ার উপযুক্ত হয় এবং ডিম দেওয়ার ৪৫ মিনিট পরই মাছিটি মারা যায়। মাছির খাদ্য হিসেবে উচ্ছিষ্ট ও পচা খাবার ব্যবহৃত হয়। কৃত্রিম উপায়ে ডিম থেকে লার্ভা জন্ম নেওয়ার পর ২১ দিনে পোকা পরিপূর্ণ হলে তা মাছ, মুরগির ও পাখি খাবার হিসেবে ব্যবহৃত হয়। যা প্রোটিন যুক্ত খাদ্য হিসেবে ব্যবহার করা যায়। এটি একটি লাভজনক খামার।

স্থানীয় বাসিন্দা রশিদুল ইসলাম বলেন, মোমিনুল যখন প্রথম এই মাছির লার্ভা বাড়িতে নিয়ে আসে, তখন এলাকার মানুষ এমনকি পরিবারের লোকজন তাকে নানা কথা শুনিয়েছিল। কিন্তু যখন এই মাছি উৎপাদন করে মোমিনুল সুফল পাচ্ছে তখন তাদের ধারণা পালটে গেছে। বিমল চন্দ্র নামে আরেক বাসিন্দা বলেন, লোকসানের কারণে মোমিনুল মুরগির খামার বন্ধ করে দিয়েছিল। এরপর হঠাৎ করে সে ব্ল্যাক সোলজার নামের একটি মাছি চাষ করতে শুরু করে। পরে সে পুনরায় মুরগির খামার শুরু করে। এখন ঐ মাছির লার্ভা মুরগিকে খাওয়ানো হয়। ঠাকুরগাঁও জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. আবুল কালাম আজাদ বলেন, বিকল্প পোলট্রি ফিড হিসেবে মোমিনুল ইসলাম ব্ল্যাক সোলজার নামের মাছির খামার গড়ে তুলেছেন। এতে উনি লাভবানও হচ্ছেন। তার এই উদ্যোগকে আমি সাধুবাদ জানাই। এই খামারটি প্রতিটি উপজেলায় ছড়িয়ে দেওয়ার জন্য মোমিনুল ইসলামকে সব ধরনের সহযোগিতা করা হবে।

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

MUJIB মুজিব শতবর্ষ 100

# চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম।

www.cda.gov.bd

স্মারক নং: টিপি-২/মাষ্টারপ্ল্যান/জনবল নিয়োগ/২০২০/০৩/৫৪

তারিখঃ ২৪ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ। ০৯ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ।

# পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়ের ছাড়পত্র অনুযায়ী চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার মাষ্টারপ্ল্যান (২০২০-২০৪১) প্রণয়ন" শীর্ষক প্রকল্পের অধীনে চউক এর বিদ্যমান চাকুরিবিধি অনুসরণে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্যে বেতন) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সহকারী প্রকৌশলী (সার্ভে) (গ্রেড-৯) | ১ | ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং - এ স্নাতক ডিগ্রীসহ সার্ভে কাজে ন্যূনতম ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) মাষ্টারপ্ল্যান এর কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |
| ২. | উপ-সহকারী স্থপতি (গ্রেড-১০) | ২ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে আর্কিটেকচার-এ ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩. | জিআইএস অপারেটর (গ্রেড-১১) | ২ | যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ স্থাপত্য/ নগর ও অঞ্চল পরিকল্পনা/ পুরকৌশল এ ন্যূনতম ডিপ্লোমা ডিগ্রি এবং জিআইএস এর উপর প্রশিক্ষণ বাস্তবভিত্তিক ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪. | নকশাবিদ (গ্রেড-১৫) | ৪ | যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ড্রাফটসম্যানশীপ -এ ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

শর্তাবলী

১. আগ্রহী প্রার্থীদের আবেদন আগামী ৩০/১২/২০২১ খ্রীঃ তারিখের মধ্যে ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না।

২. কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ খ্রীঃ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র –কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা/ শারীরিক প্রতিবন্ধীদের নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৩. "চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার মাষ্টারপ্ল্যান (২০২০-২০৪১) প্রণয়ন" শীর্ষক প্রকল্পের অর্থ মন্ত্রণালয়ের জনবল নির্ধারণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয়ের কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সুপারিশকৃত পদে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা চউক এর বিদ্যমান চাকুরিবিধি অনুসরণে উপযুক্ত কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করা হবে।

৪. আবেদনের জন্য নির্ধারিত ফরম চউক website: www.cda.gov.bd এ পাওয়া যাবে। দরখাস্তের খামের ওপর আবেদনকৃত পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

৫. আবেদনের সাথে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১-৩নং ক্রমিকের পদের জন্য ৩০০/- টাকা ও ৪নং ক্রমিকের পদের জন্য ২০০/- টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে। আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে :

ক) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

খ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি।

গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার চেয়ারম্যানের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র।

ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের কপি।

চ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত অভিজ্ঞতার সনদপত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬. সরকারি, আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮. মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র –কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় অথবা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ইস্যুকৃত সুনির্দিষ্ট প্রত্যয়নপত্র দ্বারা সমর্থিত সনদপত্র প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৯. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০. যে কোনো তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১১. প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষার অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২. উপযুক্ত প্রার্থীকে প্রাথমিকভাবে যাচাইবাছাই এর পর প্রতিযোগিতামূলক নির্বাচনী পরীক্ষা ও সাক্ষাৎকারের জন্য পত্র মারফত জানানো হবে।

১৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. উন্নয়ন প্রকল্পের জনবল সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা/বিধি-বিধান প্রযোজ্য হবে। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা/বিধি-বিধানে প্রযোজ্য হবে।

১৫. প্রাথমিকভাবে সুপারিশকৃত প্রার্থীদের সরকারি নিয়ম অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশান করে চূড়ান্তভাবে নিয়োগ প্রদান করা হবে।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/স্থগিত/বাতিল/ পুনঃ নিয়োগের বিজ্ঞপ্তি প্রদানের অধিকার সংরক্ষণ করে। এই ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

(মুহাম্মদ আনোয়ার পাশা)
সচিব
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।

ক-৮০৪ (৮×৩)

বিজ্ঞপ্তি ▶ সম্মানিত বিজ্ঞাপনদাতাদের সুবিধার্থে প্রতি শুক্রবার দৈনিক ইত্তেফাকের প্রধান কার্যালয়, ৪০, কারওয়ান বাজার অফিসে সকাল ১০ টা থেকে বিকেল ৫টা পর্যন্ত বিজ্ঞাপন গ্রহণ করা হবে। -কর্তৃপক্ষ

## Government Of The Peoples Republic Of Bangladesh

Office Of The Executive Engineer,
Department of Public Health Engineering (DPHE)
e-mail:ee.sylhet@dphe.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

Memo no: 46.03.9100.061.07.141.17- 974

Date: 05/12/2021

**Urban Water Supply and Sanitation in 23 Pourashavas Project (GOB-IDB).**

Notice Type: Specific Procurement Notice for Civil Works
Tender Number: KANA-W5
Procurement Type: National Competitive Bidding (NCB)
Sector: Water, Sanitation, and Waste Management
Country: Bangladesh
Issuing Date: 06 December 2021
Last Date of Submission: 06 January 2022

P-5
Ittefaq
22 Dec 2021

# Invitation for Bids

Date: 06 December 2021
Financing No: BD-181, BD-182 & BD-183
Contract Title: Installation/Construction 30 water points, 1 Surface Water Treatment Plant & 1 Overhead Tank in Kanaighat Pourashava of Sylhet.
IFB No (NCB): KANA-W5

1. The People's Republic of Bangladesh has received financing from the Islamic Development Bank (IsDB) towards the cost of Urban Water Supply and Sanitation in 23 Pourashavas Project (GOB-IDB) and it intends to apply part of the proceeds toward payments under the contract for KANA-W5.
2. The Executive Engineer, DPHE, Sylhet Division, Sylhet, Bangladesh now invites sealed bids from eligible bidders for the Title of Contract, "Installation/Construction 30 water points, 1 Surface Water Treatment Plant & 1 Overhead Tank in Kanaighat Pourashava of Sylhet"under "Urban Water Supply and Sanitation in 23 Pourashavas Project (GOB-IDB)" ("the Works"). The works will be implemented in Kanaighat Pourashava of Sylhet District, Bangladesh.
3. Bidding will be conducted through the National Competitive Bidding (NCB) procedures as specified in IsDB's Guidelines: Procurement of Goods, Works and related services under Islamic Development Bank Project Financing, April 2019 ("Procurement Guidelines"), and is open to all eligible bidders as defined in the Procurement Guidelines. In addition, please refer to paragraphs 1.18 -1.21 setting forth IsDB's policy on conflict of interest.
4. Interested eligible bidders may obtain further information from and inspect the bidding documents at the Office of the Project Director, Urban Water Supply and Sanitation in 23 Pourashavas Project (GOB-IDB), 7th Floor, DPHE Bhaban, 14 Shaheed Captain Mansur Ali Sarani, Kakrail, Dhaka, Telephone: +880-255130739, Email: pdgobidb23@gmail.com, at the Office of the Executive Engineer, Sylhet Division, Sylhet, Telephone: +88- 0821-716863, +88-0821-715607, Email: ee.sylhet.dphe@gmail.com and at the Office of the Executive Engineer, Dhaka Division, Dhaka, Telephone: +8802-7168383, Email: ee.dhaka.dphe@gmail.com.
5. A complete set of bidding documents in English Language may be purchased by interested eligible bidders from the Office of the Executive Engineer, Sylhet Division, Sylhet, Telephone: +88- 0821-716863, +88-0821-715607, Email: ee.sylhet.dphe@gmail.com and at the Office of the Executive Engineer, Dhaka Division, Dhaka, Telephone: +8802-7168383, Email: ee.dhaka.dphe@gmail.comon the submission of a written application and upon payment of a non-refundable fee of BDT 2,000 (Two thousand) only.The method of payment will be cash. The Documents may be sent by air mail of courier or may be collected through authorized representatives of the bidder.
6. The last date of selling bidding documents is 05 January 2022 till 17.00 hr. Bids must be delivered to the Office of the Executive Engineer, Department of Public Health Engineering, Sylhet Division, SylhetОn or before 12:00 hr on 06 January 2022 and must be accompanied by a security of BDT 2,700,000.00 (Two Million &Seven Hundred Thousand) Only. Late Bids will be rejected.
7. Bids will be opened in the presence of bidders' representatives who choose to attend at 12:05 hr on 06 January 2022at the office of the Executive Engineer, Department of Public Health Engineering, Sylhet Division, Sylhet, Telephone: +88- 0821-716863, +88-0821-715607, Email: ee.sylhet.dphe@gmail.com.

Notice: Potential bidder desiring additional information on the procurement in question or the project in general should, unless indicated otherwise, contact the project agency and not the IsDB.

05/12/2021
(Alamgir Hossain)
Executive Engineer, DPHE
0821-716863

স-২৯৪২ (৮×৩)

P-4
Ittefaq
22 Dec. 2021

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

# রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
# রাজউক, ঢাকা।

## সেবা সপ্তাহ সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ আগামী ২৬ ডিসেম্বর ২০২১ / ১১ পৌষ ১৪২৮ তারিখ থেকে ৩০ ডিসেম্বর ২০২১/১৫ পৌষ ১৪২৮ তারিখ প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত সেবা সপ্তাহ উদ্‌যাপন করতে যাচ্ছে। সম্মানিত সেবা প্রত্যাশীগণকে রাজউকের মূলভবন অথবা নিম্নবর্ণিত সংশ্লিষ্ট জোনাল অফিসসমূহ থেকে প্রত্যাশিত সেবা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করা যাচ্ছে।

সেবা সপ্তাহ চলাকালীন সেবা প্রত্যাশীগণকে নিম্নোক্ত সেবাসমূহ অগ্রাধিকার ভিত্তিতে প্রদান করা হবে

| | |
|---|---|
| (১) ভবনের নকশা অনুমোদন। | (৩) ভবন নির্মাণের জন্য ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান। |
| (২) ভবনের ব্যবহার সনদ প্রদান। | (৪) প্লটের নামজারী ও রেজিস্ট্রেশন সংক্রান্ত সেবা। |

এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যের জন্য অফিস চলাকালীন নিম্নোক্ত ফোন/ই-মেইল এ যোগাযোগ করা যেতে পারে।
ফোন নম্বর: ০১৭৩৯০২১৭৬১
ই-মেইল: helpdesk@rajukdhaka.gov.bd

রাজউকের মূল ভবন ও সংশ্লিষ্ট জোনাল অফিসসমূহের ঠিকানাঃ

| | |
|---|---|
| ১। রাজউক ভবন। | ৩। রাজউক মহাখালী জোনাল অফিস। |
| রাজউক এভিনিউ,মতিঝিল,ঢাকা-১০০০ | বীর উত্তম একে খন্দকার রোড (গুলশান-মহাখালী রোড), মহাখালী, ঢাকা। |
| ২। রাজউক উত্তরা জোনাল অফিস। | ৪।রাজউক নারায়ণগঞ্জ জোনাল অফিস। |
| সড়ক নং-১৩, সেক্টর-০৬,উত্তরা, ঢাকা। | ৫৫/এ, এস এম মালেহ রোড, টান বাজার, নারায়ণগঞ্জ, ঢাকা। |

বিঃ দ্রঃ সেবা প্রত্যাশীগণকে পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও হালনাগাদ আয়কর রিটার্ন সনদ সাথে রাখার অনুরোধ করা হলো।

২০.১২.২০২১

মোহাম্মদ নাসির উদ্দীন
সদস্য পরিকল্পনা
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
(রাজউক), ঢাকা।

ক-৮২৫ (৬×৩)